

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ১৮, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহানগর দায়রা জজ এবং
পদাধিকারবলে
মহানগর সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত আপনারা আসামীগণ জনাব মোহাম্মদ শামছুল হাসান ভূঁইয়া, জনাব
মাহবুব আহমদ, জনাব মোঃ কাওসার হোসেন, জনাব সৈয়দ মিজানুর রহমানগণের বিরুদ্ধে গ্রেফতারী
পরওয়ানা জারি রহিয়াছে এবং,

যেহেতু, এই আদালতের বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে যে, আপনারা পলাতক
রহিয়াছেন এবং আপনাকে গ্রেফতার বা আপনাদেরকে বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য আত্মগোপন
করিয়াছেন এবং আপনাদেরকে আশু গ্রেফতার করিয়া বিচারে সোপর্দ করার সম্ভাবনা নাই,

সেহেতু, ১৯৫৮ সনের ক্রিমিনাল 'ল' এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬(১এ) ধারার বিধান অনুসারে
তফসিল বর্ণিত মামলায় আপনাদেরকে আগামী ২২-০২-২০২১ ইং তারিখের মধ্যে অত্র আদালতে
হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় আপনাদের অনুপস্থিতিতেই বিচার কার্য সম্পন্ন করা হইবে।

তফসিল

মামলার নম্বর ও ধারা
মেট্রোঃ বিশেষ মামলা নং-৩৬/২০ সূত্র : ভাটারা (ডিএমপি) থানার মামলা নং-৩৯, তারিখ : ২২-১০-২০১৮ খ্রিঃ। ধারা : ৪০৯/৪২০/৪৬৭/৪৬৮/৪৭১/১০৯ এবং ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২)।

(৫৪২৩)

মূল্য : টাকা ৪.০০

ক্রমিক নং	পলাতক আসামীদের নাম ও ঠিকানা
১।	জনাব মোহাম্মদ শামছুল হাসান ভূইয়া, সাবেক এভিপিও শাখা ব্যবস্থাপক, দি ফারমার্স ব্যাংক লিমিটেড (বর্তমানে পদ্মা ব্যাংক লিমিটেড), বসুন্ধরা শাখা, ঢাকা, পিতা-মৃত মোঃ মমতাজ উদ্দিন ভূঞা, বর্তমান ঠিকানা-(১) : ৮ ও ৯ পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, ঠিকানা (২) : ফ্ল্যাট নং-এ/৩, হাউজ নং-১৩, রোড নং-০৮, সেক্টর-৬, থানা-উত্তরা, ঢাকা, স্থায়ী ঠিকানা-বাসা নং-৮৫০, প্রধান সড়ক, স্টেডিয়াম সংলগ্ন, মাইজদী, নোয়াখালী সদর, নোয়াখালী।
২।	জনাব মাহবুব আহম্মেদ, সাবেক সিনিয়র এক্সিকিউটিভ অফিসার ও ম্যানেজার অপারেশন, দি ফারমার্স ব্যাংক লিমিটেড (বর্তমানে পদ্মা ব্যাংক লিমিটেড), বসুন্ধরা শাখা, ঢাকা, পিতা-মৃত সৈয়দ আহম্মেদ চৌধুরী, মাতা-পেয়ারা আক্তার, বর্তমান ঠিকানা (১) : বাসা-২৯/এ, এস এম টাওয়ার, জিগাতলা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা, ঠিকানা (২) : সাং-৫৯/২ মমতাজ নিবাস, বাড্ডা লিংক রোড, উপজেলা/থানা-বাড্ডা, ঢাকা, স্থায়ী ঠিকানা : গ্রাম-গঙ্গাপুর, থানা-লক্ষীপুর সদর, জেলা লক্ষীপুর।
৩।	জনাব মোঃ কাওসার হোসেন, সাবেক অফিসার ও ক্রেডিট ইনচার্জ, দি ফারমার্স ব্যাংক লিমিটেড (বর্তমানে পদ্মা ব্যাংক লিমিটেড), বসুন্ধরা শাখা, ঢাকা, পিতা-মোঃ দেলোয়ার হোসেন, বর্তমান ঠিকানা : ১১/২/এ, পশ্চিম যাত্রাবাড়ী, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা। স্থায়ী ঠিকানা : গ্রাম-সাংগর, থানা-রাজাপুর, জেলা-বালকাঠি।
৪।	সৈয়দ মিজানুর রহমান, সাবেক এ্যাসিস্টেন্ট অফিসার, দি ফারমার্স ব্যাংক লিমিটেড (বর্তমানে পদ্মা ব্যাংক লিমিটেড), বসুন্ধরা শাখা, ঢাকা, পিতা-সৈয়দ আঃ সাত্তার, স্থায়ী ঠিকানা : গ্রাম-দুর্জনীমহল, থানা-রূপসা, জেলা-খুলনা।

কে, এম, ইমরুল কায়েশ
মহানগর দায়রা জজ এবং
পদাধিকারবলে
মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।